“ফিরিশতাগণের প্রতি বিশ্বাস” বলতে কি বুঝায়?

ফিরিশতাগণের প্রতি বিশ্বাস পোষণ করার অর্থ হলো:- ব্যাপক ও বিশদভাবে দৃঢ়ভাবে এ বিশ্বাস পোষণ করা যে, আল্লাহ্‌র (سُبْحَانَهُ وَتَعَالَى) অসংখ্য মালাইকাহ (ফিরিশতা) রয়েছেন। তাদেরকে তিনি তাঁর আনুগত্যের জন্য সৃষ্টি করেছেন।

তাদের বর্ণনা দিয়ে আল্লাহ عَزَّوَجَلَّ ইরশাদ করেছেন:-

بَلْ عِبَادٌ مُّكْرَمُونَ. لاَ يَسْبِقُونَهُ بِالْقَوْلِ وَهُم بِأَمْرِهِ يَعْمَلُونَ. يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ وَلاَ يَشْفَعُونَ إِلاَّ لِمَنِ ارْتَضَى وَهُم مِّنْ خَشْيَتِهِ مُشْفِقُونَ.[১]

অর্থাৎ- বরং তারা সম্মানিত বান্দাহ। তাঁরা তাঁর (আল্লাহ্‌র) আগে বেড়ে কোন কথা বলেন না, বরং সর্বদা তাঁর আদেশেই কাজ করেন। তাদের সম্মুখে ও পশ্চাতে যা কিছু আছে তা তিনি অবগত, তারা সুপারিশ করে শুধু তাদের জন্য যাদের প্রতি তিনি সন্তুষ্ট এবং তাঁরা (ফিরিশতাগণ) তাঁর ভয়ে ভীত।[২]

আল্লাহ্‌র মালাইকাহ্‌গণ অনেক প্রকার দায়িত্বে নিয়োজিত রয়েছেন। তন্মধ্যে একদল তাঁর ‘আরশ বহনের কাজে, অপর দল জান্নাত ও জাহান্নামের তত্ত্বাবধানে এবং আরেক দল মানুষের “নামায়ে ‘আমাল” (‘আমালনামা) সংরক্ষণের দায়িত্বে, ইত্যাদি আরো বিভিন্ন প্রকার দায়িত্বে নিয়োজিত রয়েছেন। আমরা বিশেষভাবে ঐসব মালাইকাহ্‌দের প্রতি বিশ্বাস পোষণ করব, যাদের নাম আল্লাহ جَلَّ جَلَالُهُ ও তাঁর রাছূল ﷺ উল্লেখ করেছেন।

যেমন- জিবরাঈল عَلَيْهِ السَّلَام, মীকাঈল عَلَيْهِ السَّلَام, ইছরাফীল عَلَيْهِ السَّلَام, এবং জাহান্নামের তত্ত্বাবধানের দায়িত্বে নিয়োজিত ফিরিশতা “মালিক”। এরা প্রত্যেকেই আল্লাহ سُبْحَانَهُ وَتَعَالَى কর্তৃক নির্ধারিত দায়িত্বে নিয়োজিত রয়েছেন।

‘আয়িশা رَضِيَ اللَّهُ عَنْهَا হতে বর্ণিত হাদীছে রয়েছে যে, নাবী কারীম ﷺ বলেছেন:-

خُلِقَتِ الْمَلاَئِكَةُ مِنْ نُورٍ ، وَخُلِقَ الْجَانُّ مِنْ مَارِجٍ مِنْ نَارٍ ، وَخُلِقَ آدَمُ مِمَّا وُصِفَ لَكُمْ.[৩]

অর্থ- মালাইকাহ্‌গণকে নূর থেকে সৃষ্টি করা হয়েছে, আর জিন জাতিকে নির্ধূম অগ্নিশিখা হতে সৃষ্টি করা হয়েছে এবং আদমকে তা থেকেই সৃষ্টি করা হয়েছে যা তোমাদের নিকট বর্ণনা করা হয়েছে (ক্বোরআনে)।[৪]

---

১. سورة الأنبياء- ٢٦-٢٨

২. ছূরা আল আম্বিয়া- ২৬-২৮

৩. صحيح مسلم

৪. সাহীহ্‌ মুছলিম

eshodinshikhi@gmail.com

The material on this site may not be reproduced, transmitted or stored, except with the prior permission of Esho Din Shikhi.

{সূত্র:- শাইখ ‘আব্দুল ‘আযীয ইবনু ‘আব্দিল্লাহ ইবনু বায সংকলিত “আল ‘আক্বীদাতুস্ সাহীহাহ ওয়ামা ইয়ুযা-দ্দোহা”}

eshodinshikhi@gmail.com
The material on this site may not be reproduced, transmitted or stored, except with the prior permission of Esho Din Shikhi.